

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২০, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ ও বন মন্ত্রণালয়  
বন শাখা-২  
প্রজ্ঞাপন

তারিখ : ৩০ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ/১৪ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং-৩৪৬-আইন/২০১৭।—বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সনের ৩০ নং আইন) এর ধারা ৫২ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার “রক্ষিত এলাকা ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৭” এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (১) এর দফা (ঝ) তে উল্লিখিত “পুলিশ বাহিনীর” শব্দগুলির পর “পরিদর্শক পদমর্যাদার” এবং “কোস্টগার্ডের ১ (এক) জন করিয়া” শব্দগুলির পর “পুলিশ বাহিনীর পরিদর্শক সমমর্যাদার” শব্দগুলি সন্নিবেশিত হইবে ; এবং

(২) বিধি ৮ এর—

(ক) উপ-বিধি (১) এর দফা (জ) তে উল্লিখিত “পুলিশ বাহিনীর” শব্দগুলির পর “পরিদর্শক পদমর্যাদার” এবং “কোস্টগার্ডের ১ (এক) জন করিয়া” শব্দগুলির পর “পুলিশ বাহিনীর পরিদর্শক সমমর্যাদার” শব্দগুলি সন্নিবেশিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইসতিয়াক আহমদ  
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭৯৭৫)

মূল্য : টাকা ৪.০০